গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
কার্যক্রম ও এডিপি শাখা

২০১৮-২০১৯ অর্থবছরের জুন ২০১৯ মাসের জিওবি অর্থায়নে বাস্তবায়িত আরএডিপি'র বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী

সভাপতি	মোঃ নজরুল ইসলাম সচিব
সভার তারিখ	৩১ জুলাই ২০১৯ খ্রিস্টাব্দ
সভার সময়	বিকাল ০৩:৫১ ঘটিকা
স্থান	সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সম্মেলন কক্ষ
উপস্থিতি	...

১. উপস্থাপনা :

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। যুগ্মপ্রধান সভাকে অবহিত করেন যে, চলতি অর্থবছরে এ বিভাগের আওতায় ১৯৫টি প্রকল্প বাস্তবায়নাধীন রয়েছে, এর মধ্যে ১৬৫টি জিওবি অর্থায়নে, ১৭টি প্রকল্প সাহায্য এবং ১৩টি কারিগরী সহায়তা প্রকল্প। এ প্রকল্পগুলোর অনুকূলে ১৯৮০২.৬১ কোটি টাকা বরাদ্দ রয়েছে। এর মধ্যে জিওবি খাতে বরাদ্দ ১৩৯৮৮.৪৬ কোটি টাকা। অদ্যকার সভায় সংস্থা প্রধানগণ, সড়ক ও জনপথ অধিদপ্তরের অতিরিক্ত প্রধান প্রকৌশলীগণ, প্রকল্প পরিচালকগণসহ মন্ত্রণালয়ের কর্মকর্তাগণ তাঁদের বক্তব্য উপস্থাপন করেন। বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয় :

২. আলোচনা ও সিদ্ধান্ত :

আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
২.১ এডিপি বাস্তবায়ন	সভায় আলোচনা হয় যে, এ বিভাগের চলতি অর্থবছরের আরএডিপি বরাদ্দের মধ্যে জুন ২০১৯ পর্যন্ত জিওবি অর্থের ৯৯.৭৭% ব্যয় হয়েছে। সওজ অধিদপ্তরের জোনভিত্তিক আরএডিপি বাস্তবায়ন অগ্রগতি **(সংযুক্ত ছক)**-এ দেয়া হয়েছে। সভায় সওজ অধিদপ্তরের জোনভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি নিয়ে আলোচনা করা হয়। সচিব মহোদয় ঢাকা, চট্টগ্রাম ও বরিশাল জোনের বাস্তবায়ন অগ্রগতি শতভাগ না হওয়ায় অসন্তোষ প্রকাশ করেন। প্রায় সকল জোনের বাস্তবায়ন অগ্রগতি শতভাগ হওয়ায় প্রকল্প বাস্তবায়নকারী সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। ২০১৮-২০১৯ অর্থবছরের ন্যায় প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতির ধারা ২০১৯-২০২০ অর্থবছরে অব্যাহত রাখার জন্য প্রকল্প সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হয়।	(ক) প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি সন্তোষজনক হওয়ায় প্রকল্প বাস্তবায়ন সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করা হলো; (খ) ২০১৮-২০১৯ অর্থবছরের ন্যায় প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতির ধারা ২০১৯-২০২০ অর্থবছরে অব্যাহত রাখতে হবে।	সকল সংস্থা প্রধান ও প্রকল্প পরিচালকগন

২.২ সংশোধিত অননুমোদিত, মেয়াদ উত্তীর্ণ ও সমাপ্তির জন্য নির্ধারিত প্রকল্প প্রকল্প	সংশোধিত অনুমোদিত প্রকল্প দ্রুত সংশোধনের ব্যবস্থা গ্রহণ, চলতি অর্থবছরে সমাপ্য প্রকল্পসমূহের আন্তঃখাত সমন্বয় বা সংশোধনের প্রয়োজন হলে অনতিবিলম্বে প্রস্তাব প্রেরণ এবং চলতি অর্থবছরে সমাপ্তির জন্য নির্ধারিত প্রকল্পসমূহের মধ্যে যেগুলো সমাপ্ত করা সম্ভব হবে না সেগুলোর মেয়াদ বৃদ্ধির প্রস্তাব দ্রুততম সময়ের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করা হয়।	(ক) সংশোধিত অনুমোদিত প্রকল্প দ্রুত সংশোধনের ব্যবস্থা গ্রহণ করতে হবে; (খ) চলতি অর্থবছরে সমাপ্য প্রকল্পসমূহের আন্তঃখাত সমন্বয় বা সংশোধনের প্রয়োজন হলে প্রস্তাব দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে এবং পিএসসি ও পিইসি সভা আহবান করতে হবে।	সকল সংস্থা/প্রকল্প পরিচালক
২.৩ অর্থ ছাড়	সভায় ২০১৯-২০২০ অর্থবছরের এডিপি বরাদ্দের অর্থ যথাসময়ে ছাড়করণ ও যথাযথ ব্যয় নিশ্চিত করার পরামর্শ দেয়া হয়।	২০১৯-২০২০ অর্থবছরের এডিপি বরাদ্দের অর্থ যথাসময়ে ছাড়করণ ও ব্যয় নিশ্চিত করতে হবে।	সকল সংস্থা
২.৪ পিসিআর	যে সকল প্রকল্প ইতোমধ্যে সমাপ্ত হয়েছে সে সকল প্রকল্পের পিসিআর তিন মাসের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করার নির্দেশনা দেয়া হয়।	সমাপ্ত প্রকল্পসমূহের পিসিআর তিন মাসের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	সংশ্লিষ্ট সকল সংস্থা
২.৫ গুরুত্বপূর্ণ আঞ্চলিক মহাসড়ক যথাযথ মান ও প্রশস্ততায় উন্নীতকরণ প্রকল্প (১০টি গুচ্ছ প্রকল্প)	অত্যন্ত গুরুত্বপূর্ণ বিবেচনায় এ প্রকল্পের ভূমি অধিগ্রহণ, ইউটিলিটি শিফটিং সমাপ্ত করে সকল প্যাকেজের দরপত্র আহবানপূর্বক আগস্ট ২০১৯ এর মধ্যে বাস্তবায়ন করার নির্দেশনা দেয়া হয়। এই ১০টি প্রকল্প আগামী অর্থবছরে সমাপ্ত হবে বিধায় আঞ্চলিক মহাসড়ক নেটওয়ার্ক উন্নয়নের জন্য নতুন করে জোনভিত্তিক গুচ্ছ প্রকল্প প্রণয়নের জন্য এখনই উদ্যোগ গ্রহণের নির্দেশনা দেয়া হয় এবং আগামী ১৫ সেপ্টেম্বের ২০১৯ এর মধ্যে ডিপিপি মন্ত্রণালয়ে প্রেরণের নির্দেশনা দেয়া হয়। এছাড়া মন্ত্রণালয় প্রেরিত ছকে আঞ্চলিক/জেলা মহাসড়কের তথ্য দেয়া প্রয়োজন।	(ক) অত্যন্ত গুরুত্বপূর্ণ বিবেচনায় ভূমি অধিগ্রহণ, ইউটিলিটি শিফটিং সমাপ্ত করে সকল প্যাকেজের দরপত্র আহবানপূর্বক আগস্ট ২০১৯ এর মধ্যে বাস্তবায়ন করতে হবে; (খ) নতুন করে জোনভিত্তিক গুচ্ছ প্রকল্প প্রণয়নপূর্বক মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। মন্ত্রণালয় প্রেরিত ছকে আঞ্চলিক/জেলা মহাসড়কের তথ্য প্রেরণ করতে হবে। (গ) আগামী ১৫ সেপ্টেম্বর ২০১৯ এর মধ্যে ডিপিপি মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	প্রকল্প পরিচালক (সকল জোন)
২.৬ জেলা মহাসড়ক যথাযথ মান ও প্রশস্ততায় উন্নীতকরণ প্রকল্প (১০টি গুচ্ছ প্রকল্প)	অত্যন্ত গুরুত্বপূর্ণ বিবেচনায় এ প্রকল্পের ভূমি অধিগ্রহণ, ইউটিলিটি শিফটিং সমাপ্ত করে সকল প্যাকেজের দরপত্র আহবানপূর্বক দ্রুত বাস্তবায়ন করার নির্দেশনা দেয়া হয়। ১০টি প্রকল্পই আগামী অর্থবছরে সমাপ্ত হবে বিধায় জেলা মহাসড়ক নেটওয়ার্ক উন্নয়নের জন্য নতুন করে জোনভিত্তিক গুচ্ছ প্রকল্প প্রণয়নের জন্য এখনই উদ্যোগ গ্রহণের নির্দেশনা প্রদান করা হয় এবং আগামী ১৫ সেপ্টেম্বের ২০১৯ এর মধ্যে ডিপিপি মন্ত্রণালয়ে প্রেরণের নির্দেশনা দেয়া হয়।	(ক) অত্যন্ত গুরুত্বপূর্ণ বিবেচনায় ভূমি অধিগ্রহণ, ইউটিলিটি শিফটিং সমাপ্ত করে সকল প্যাকেজের দরপত্র আহবানপূর্বক দ্রুত বাস্তবায়ন করতে হবে; (খ) নতুন করে জোনভিত্তিক গুচ্ছ প্রকল্প ডিপিপি প্রণয়নপূর্বক মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে; (গ) আগামী ১৫ সেপ্টেম্বর ২০১৯ এর মধ্যে ডিপিপি মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	প্রকল্প পরিচালক (সকল জোন)

২.৭ নতুন অনুমোদিত প্রকল্প	নতুন অনুমোদিত প্রকল্পসমূহের ভূমি অধিগ্রহণ, ইউটিলিটি স্থানান্তর ও প্রকল্পের সেতু ও পেভমেন্ট ডিজাইন প্রস্তুতের কাজ দ্রুত সম্পন্ন করার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। এ বিষয়ে সময়ভিত্তিক কর্মপরিকল্পনা গ্রহণপূর্বক বার্ষিক ক্রয় পরিকল্পনা তৈরী করে মন্ত্রণালয়কে অবহিত করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। নতুন প্রকল্পসমূহে এডিপিতে বরাদ্দকৃত অর্থের শতভাগ ব্যবহার নিশ্চিত করার জন্য নির্দেশনা দেয়া হয়। এডিপি প্রস্তুত হওয়ার পরে যে সকল প্রকল্প অনুমোদিত হয়েছে তার অনুকূলে বরাদ্দ প্রাপ্তির প্রস্তাব জরুরীভিত্তিতে মন্ত্রণালয়ে প্রেরণের জন্য পরামর্শ প্রদান করা হয়।	(ক) নতুন অনুমোদিত প্রকল্পের ভূমি অধিগ্রহণ, ইউটিলিটি স্থানান্তর ও প্রকল্পে অন্তর্ভুক্ত সেতু ও মহাসড়কের ডিজাইন প্রস্তুতের কাজ দ্রুত সম্পন্ন করতে হবে; (খ) নতুন অনুমোদিত প্রকল্পে সময়ভিত্তিক কর্মপরিকল্পনা গ্রহণপূর্বক বার্ষিক ক্রয় পরিকল্পনা তৈরী করে মন্ত্রণালয়কে অবহিত করতে হবে; (গ) নতুন প্রকল্পসমূহে এডিপিতে বরাদ্দকৃত অর্থের শতভাগ ব্যবহার নিশ্চিত করতে হবে; (ঘ) এডিপি প্রস্তুত হওয়ার পরে যে সকল প্রকল্প অনুমোদিত হয়েছে তার অনুকূলে বরাদ্দ প্রাপ্তির প্রস্তাব জরুরীভিত্তিতে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	অতিরিক্ত সচিব ও সকল সংস্থা/ সকল প্রকল্প পরিচালক
২.৮ অননুমোদিত প্রকল্প	সভাকে অবহিত করা হয় যে, খুলনা, বরিশাল, সিলেট, কুমিল্লা, রংপুর, রাজশাহী, গোপালগঞ্জ ও চট্টগ্রাম জোনের সড়ক উন্নয়ন সংক্রান্ত ডিপিপিসমূহ অনুমোদনের জন্য প্রক্রিয়াধীন রয়েছে। নতুন ডিপিপি প্রণয়ন, অভ্যন্তরীন যাচাই সভা ও পিইসি সভায় সুপারিশকৃত ডিপিপি দ্রুত পুনর্গঠন করে মন্তরণালয়ে দাখিল করতে নির্দেশনা দেয়া হয় এবং যে সকল প্রকল্পের ডিপিপি ইতোমধ্যে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে তার অনুমোদন ত্বরান্বিত করার জন্য পরিকল্পনা কমিশনের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে পরামর্শ দেয়া হয়।	(ক) ডিপিপিসমূহ অনুমোদনের লক্ষ্যে যথাযথ উদ্যোগ গ্রহণ করতে হবে; (খ) যে সকল প্রকল্পের ডিপিপি ইতোমধ্যে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে তার অনুমোদন ত্বরান্বিত করার জন্য পরিকল্পনা কমিশনের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।	পরিকল্পনা উইং এবং অতিরিক্ত প্রধান প্রকৌশলী সকল জোন
২.৯ বিবিধ	সমাপ্তির জন্য নির্ধারিত প্রকল্পের বাস্তবায়ন অবস্থা আইএমইডি সরেজমিন পরিদর্শন করবে এবং ২০১৮-২০১৯ অর্থবছরের সমাপ্ত প্রকল্পের গুনগতমান মূল্যায়ন করা হবে। কাজেই প্রকল্পগুলোর তথ্য হালনাগাদ করে মন্ত্রণালয়ে প্রেরণের নির্দেশনা দেয়া হয়। সমাপ্ত প্রকল্পসহ অন্যান্য চলমান প্রকল্পের প্যাকেজভিত্তিক বাস্তবায়ন অবস্থা পর্যালোচনা করে কোন সমস্যা থাকলে প্রয়োজনীয় সমাধানের ব্যবস্থা নেয়ার জন্য নির্দেশনা দেয়া হয়। সওজ অধিদপ্তরের রোড ও ব্রিজ ডিজাইন এবং পেভমেন্ট ডিজাইন কার্যক্রমে সময় বেশী নেয়া হয় মর্মে সভায় উল্লেখ করা হয়। বিভিন্ন সার্ভে/সমীক্ষা/জরীপ কাজ সম্পাদনের জন্য সওজ অধিদপ্তর কর্তৃক প্রয়োজন হলে সমীক্ষা প্রকল্প প্রণয়ন করতে পারে। কখনো দেখা যায় যে, টেন্ডারের কার্যাদেশের মেয়াদ ডিপিপি'র অনুমোদিত মেয়াদের চেয়ে বেশী। এ ধরণের বিষয় পরিহার করার জন্য নির্দেশনা দেয়া হয়। ২০১৯-২০২০ অর্থ বছরের এডিপি'তে বরাদ্দকৃত অর্থের পরিপূর্ণ ব্যবহার প্রধান প্রকৌশলী, জোনাল	(ক) সমাপ্তির জন্য নির্ধারিত প্রকল্পের বাস্তবায়ন অবস্থা আইএমইডি সরেজমিন পরিদর্শন করবে বিধায় প্রকল্পগুলোর তথ্য হালনাগাদ করে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে; (খ) সওজ অধিদপ্তরের রোড ও ব্রিজ ডিজাইন এবং পেভমেন্ট ডিজাইন এর চলমান কাজ ও ডিজাইনের জন্য অপেক্ষমান কাজের তালিকা মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে; (গ) প্রকল্পের ইঞ্জিনিয়ারিং এস্টিমেট প্রণয়নে অনেক বেশী সময় নেয়া পরিহার করতে হবে। প্রকল্প অনুমোদনের পরপরই এ কাজ সম্পন্ন করতে হবে; (ঘ) কার্যাদেশের মেয়াদ ডিপিপি'র অনুমোদিত মেয়াদের চেয়ে বেশী হবে না; (ঙ) এডিপি'তে বরাদ্দকৃত অর্থের পরিপূর্ণ ব্যবহার প্রধান প্রকৌশলী, জোনাল অতিরিক্ত প্রধান প্রকৌশলী এবং প্রকল্প পরিচালক নিশ্চিত করবেন; (চ) সকল সড়ক ও মহাসড়কে আন্তর্জাতিক মানের সাইন সিগনালের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;	প্রধান প্রকৌশলী, সওজ অন্যান্য সংস্থা প্রধান এবং পরিকল্পনা উইং

	অতিরিক্ত প্রধান প্রকৌশলী এবং প্রকল্প পরিচালক নিশ্চিত করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। সকল সড়ক ও মহাসড়কে সাইন সিগন্যালের মান আন্তর্জাতিক পর্যায়ে উন্নীত করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। যে সকল প্রকল্পে যানবাহন, সরঞ্জামাদি ইত্যাদি ক্রয়ের ব্যবস্থা আছে তার তালিকা প্রণয়ন করে মেকানিক্যাল উইং এর মাধ্যমে দ্রুত ক্রয় সম্পন্ন করার এবং ক্রয় কাজ সম্পন্ন হয়ে থাকলে তার বিবরণ প্রেরণ করার জন্য নির্দেশনা দেয়া হয়। সকল প্রকল্পের পরিচালকগণকে আগস্ট ২০১৯-এর মধ্যে কর্মপরিকল্পনা প্রণয়ন করে দরপত্রের সকল প্রক্রিয়া সম্পন্ন করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। প্রতিটি প্রকল্পের কাজের অগ্রগতি ও সমস্যা সমাধানের বিভিন্ন দিক পর্যালোচনার জন্য নিয়মিতভাবে অর্থাৎ ৩/৪ মাস অন্তর প্রকল্প বাস্তবায়ন কমিটি এবং স্টিয়ারিং কমিটির সভা আহবানের জন্য নির্দেশনা দেয়া হয়। সকল প্রকল্পের ডাটাবেইজ তৈরী, পরিকল্পিত ব্রীজ ও রোড ডিজাইন এবং প্রয়োজনীয়তার আলোকে সড়কের গুরুত্ব বিবেচনায় ৪ লেনে উন্নীতকরণ ইত্যাদি বিষয়ে Study করার জন্য একটি Study প্রকল্প গ্রহণ করার নির্দেশনা দেয়া হয়। সম্প্রতি বন্যা ও অতি বৃষ্টিতে যে সকল সড়ক ক্ষতিগ্রস্থ হয়েছে তা সংস্কার/পুনঃনির্মাণের জন্য জরুরী ভিত্তিতে উদ্যোগ গ্রহণ করার নির্দেশনা দেয়া হয়। এক্ষেত্রে অর্থের চাহিদা জরুরী ভিত্তিতে মন্ত্রণালয়ে প্রেরণের জন্যও নির্দেশনা দেয়া হয়।	(ছ) যে সকল প্রকল্পে যানবাহন, সরঞ্জামাদি ইত্যাদি ক্রয়ের ব্যবস্থা আছে তার তালিকা প্রণয়ন করে মেকানিক্যাল উইং এর মাধ্যমে দ্রুত ক্রয় সম্পন্ন করতে হবে এবং ক্রয় কাজ সম্পন্ন হয়ে থাকলে তার বিবরণ মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে; (জ) সকল প্রকল্পের পরিচালকগণকে আগস্ট ২০১৯-এর মধ্যে কর্মপরিকল্পনা প্রণয়ন করে দরপত্রের সকল প্রক্রিয়া সম্পন্ন করতে হবে; (ঝ) প্রতিটি প্রকল্পের কাজের অগ্রগতি ও সমস্যা সমাধানের বিভিন্ন দিক পর্যালোচনার জন্য নিয়মিতভাবে অর্থাৎ ৩/৪ মাস অন্তর প্রকল্প বাস্তবায়ন কমিটি এবং স্টিয়ারিং কমিটির সভা আহবান করতে হবে; (ঞ) সকল প্রকল্পের ডাটাবেইজ তৈরী, পরিকল্পিত ব্রীজ ডিজাইন, মাটি পরীক্ষা হাইড্রোলজি মরফলজি, সার্ভে এবং প্রয়োজনীয়তার আলোকে সড়কের গুরুত্ব বিবেচনায় ৪ লেনে উন্নীতকরণ ইত্যাদি বিষয়ে Study করার জন্য একটি Study প্রকল্প গ্রহণ করতে হবে; (ট) সম্প্রতি বন্যা ও অতি বৃষ্টিতে যে সকল সড়ক ক্ষতিগ্রস্থ হয়েছে তা সংস্কার/পুনঃনির্মাণের জন্য জরুরী ভিত্তিতে উদ্যোগ গ্রহণ করতে হবে এবং এক্ষেত্রে অর্থের চাহিদা জরুরী ভিত্তিতে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	

৩. সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোঃ নজরুল ইসলাম
সচিব

স্মারক নম্বর: ৩৫.০০.০০০০.০৩২.১৪.০১৮.১৯.

তারিখ: ২৩ শ্রাবণ ১৪২৬
০৭ আগস্ট ২০১৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা

২) সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

৩) সচিব, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে-বাংলা নগর, ঢাকা

৪) সদস্য, কার্যক্রম বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন

৫) সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন

৬) প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা (সংশ্লিষ্ট সকল প্রকল্প পরিচালককে কার্যবিবরণী প্রেরণের অনুরোধসহ)

৭) অতিরিক্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

৮) অতিরিক্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

৯) অতিরিক্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

১০) নির্বাহী পরিচালক , ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ

১১) চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ

১২) চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন

১৩) যুগ্ম সচিব, বিআরটিসি শাখা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

১৪) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

১৫) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

১৬) প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সিজিএ ভবন, ঢাকা

১৭) সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (কার্যবিবরনীটি এ বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)

১৮) ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা অনুবিভাগ, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ



মোঃ সামীমুজ্জামান

উপপ্রধান